



## বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

জাতীয় কার্যালয়, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০



ই-মেইল : [bgguidesho@gmail.com](mailto:bgguidesho@gmail.com) ফোন : ৪১০৩১৪৩৫, ৪১০৩১৪৩১

পত্র নং- গাগা/প্রকা/প্রশা/ ২০২৪-১৮৬(১০)

তারিখ : ২২/২২/২০২৪

### প্রেস রিলিজ

প্রাতিষ্ঠানিক শিক্ষার পাশাপাশি গার্ল গাইডের উপ আনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম চালুর ফলে বিশ্বব্যাপী স্বেচ্ছা সেবার মাধ্যমে সমাজ উন্নয়ন, নারীর ক্ষমতায়ন ও নেতৃত্ব বিকাশের যে অনুপম ক্ষেত্র তৈরী হয়েছে তা অনুসরণ করে আজ বিশ্বব্যাপী ১০ মিলিয়ন গাইড সদস্য অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক পর্যায়ে মেয়েদের সৃজনশীল ও সুনামগরিক হিসেবে গড়ে তুলতে একযোগে কাজ করে যাচ্ছে। বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস সংস্থার প্রতিষ্ঠাতা লর্ড বেডেন পাওয়েল ও বিশ্ব চীফ গাইড লেডী ওলেভ বেডেন পাওয়েল-এর যুগ্ম জন্ম দিবস উপলক্ষে বিশ্ব চিন্তা দিবস পালন অনুষ্ঠানে বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির সহধর্মিণী মাননীয় ফার্স্ট লেডী প্রধান অতিথি ড. রেবেকা সুলতানা এসব কথা বলেন। তিনি নিজেও স্কুল জীবনে একজন দক্ষিত গাইড সদস্য ছিলেন। অনুষ্ঠানে হলদে পাখি, গাইড, রেঞ্জার ও গাইড সদস্যদের দেখে কিছু সময়ের জন্য তিনি অতীত জীবনে ফিরে যান। তিনি গার্ল গাইডকে সর্বাঙ্গিক সহযোগিতার আশ্বাস দেন।

আজ ২২ ফেব্রুয়ারি, ২০২৪ সকাল ১১:০০ টায় বেইলী রোড, গাইড অডিটোরিয়ামে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন-এর জাতীয় কার্যালয় ও রাজধানী অঞ্চলের যৌথ উদ্যোগে বিশ্ব চিন্তা দিবস পালিত হয়।

বিশেষ অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জনাব জুয়েনা আজিজ, উপদেষ্টা, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ও সিনিয়র সচিব (অব:), মাননীয় প্রধানমন্ত্রীর প্রাক্তন মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক)।

সম্মানিত অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব হাবিবুর রহমান, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং Ms. Chempaka Emalin Binti Pahamin, Chair, Asia Pacific Regional Committee, WAGGGS.

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাজী জেবুন্নেছা বেগম, জাতীয় কমিশনার, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন ও গ্রুপ-১ কর্মকর্তা (পি.আর.এল) জনপ্রশাসন মন্ত্রণালয়।

বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস সংস্থার প্রতিষ্ঠাতা লর্ড বেডেন পাওয়েল ও বিশ্ব চীফ গাইড লেডী ওলেভ বেডেন পাওয়েল-এর যুগ্ম জন্ম দিবস ২২ ফেব্রুয়ারি। তাঁদের জন্ম দিবসকে স্মরণীয় করে রাখার জন্য বিশ্বব্যাপী গাইড সদস্যবৃন্দ প্রতি বছর একটি থিম নিয়ে 'বিশ্ব চিন্তা দিবস' উদযাপন করে। এবারের থিম : Theme: 'Our World, Our Thriving Future: The environment and global poverty.'

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন রওশন ইসলাম, আঞ্চলিক কমিশনার, রাজধানী অঞ্চল। ধন্যবাদ দেন প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম)। জাতীয় কমিশনারের বাণী পাঠ, প্রতিজ্ঞা নবায়ন, চিন্তা দিবসের অর্থ সংগ্রহ, মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও ট্যাপ্‌স এর মধ্য দিয়ে অনুষ্ঠান সম্পন্ন হয়। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের হলদে পাখি, গাইড ও রেঞ্জাররা সঙ্গীত ও নৃত্য পরিবেশন করে। রাজধানীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার, গাইড সদস্য, বিভিন্ন মন্ত্রণালয়ের উর্দ্ধতন কর্মকর্তা ও জাতীয় কার্যনির্বাহী কমিটির সদস্যসহ ৫০০ জন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



সাবিনা বেগম  
জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা